

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাওম পালনের ব্যাপারে পরিবার পরিজনের হক

'আব্দুল্লাহ ইবন 'আমর রাদিয়াল্লাহু 'আনহুমা থেকে বর্ণিত,

«بَلَغَ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَنِي أَسْرُدُ الصَّوْمَ، وَأُصلِّي اللَّيْلَ، فَإِمَّا أَرْسَلَ إِلَيَّ وَإِمَّا لَقِيتُهُ، فَقَالَ: أَلَمْ أُخْبَرْ أَنْكَ تَصُومُ وَلاَ تُفْطِرُ، وَتُصلِّي؟ فَصمُ مُ وَأَفْطِرْ، وَقُمْ وَنَمْ، فَإِنَّ لِعَيْنِكَ عَلَيْكَ حَظَّا، وَإِنَّ لِنَفْسِكَ وَأَهْلِكَ عَلَيْكَ حَظَّا، وَلِي لِقَطْرُ يَوْمًا ويُفْطِرُ يَوْمًا، وَلَا يَنِي لَأَقُوى لِذَلِكَ، قَالَ: فَصمُ مُ صِيامَ اللَّهِ؟ لَا أَدْرِي كَيْفَ ذَكَرَ صِيامَ الأَبُدِ قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَاءً لاَ أَدْرِي كَيْفَ ذَكَرَ صِيامَ الأَبْدِ قَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لاَ صَامَ مَنْ صَامَ الأَبُدَ مَرَّتَيْن»

"নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লামের নিকট এ সংবাদ পৌছে যে, আমি একটানা সাওম পালন করি এবং রাতভর সালাত আদায় করি। এরপর হয়ত তিনি আমার কাছে লোক পাঠালেন অথবা আমি তাঁর সঙ্গে সাক্ষাৎ করলাম। তিনি বললেন, আমি কি এ কথা ঠিক শুনি নাই যে, তুমি সাওম পালন করতে থাক আর ছাড় না এবং তুমি (রাতভর) সালাত আদায় করতে থাক আর ঘুমাও না? (রাস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন), তুমি সাওম পালন কর এবং মাঝে মাঝে তা ছেড়েও দাও। রাতে সালাত আদায় কর এবং নিদ্রাও যাও। কেননা তোমার ওপর তোমার চোখের হক রয়েছেএবং তোমার নিজের শরীরের ও তোমার পরিবারের হক তোমার ওপর আছে। 'আব্লুল্লাহ বাদিয়াল্লাছ্ 'আনহু বললেন, আমি এর চেয়ে বেশি শক্তি রাখি। রাস্লুল্লাহ সাল্লাল্লাহু ত্যাসাল্লাম বললেন, তাহলে তুমি দাউদ আলাইহিস সালামের সাওম পালন কর। বর্ণনাকারী বলেন, 'আব্লুল্লাহ রাদিয়াল্লাহু 'আনহু বললেন, তা কীভাবে? তিনি বললেন, দাউদ আলাইহিস সালাম একদিন সাওম পালন করতেন, একদিন ছেড়ে দিতেন এবং তিনি (শক্রর) সম্মুখীন হলে পলায়ন করতেন না। 'আব্লুল্লাহ রাদিয়াল্লাহু 'আনহু বললেন, হে আল্লাহর নবী, আমাকে এ শক্তি কে যোগাবে? বর্ণনাকারী 'আতা রহ. বলেন, (এ হাদীসে) কীভাবে সব সময়ের সিয়ামের প্রসঙ্গ আসে সে কথাটুকু আমার মনে নেই (অবশ্য) এতটুকু মনে আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'বার এ কথাটি বলেছেন, "সব সময়ের সাওম কোনো সাওম নয়"।[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯৭৭, সহীহ মুসলিম, হাদীস নং ১১৫৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10898



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন